গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
E-mail: titumircollegemail@gmail.com,
www.titumircollege.gov.bd



স্মারক: সতিক/২৬/৩৯৮ তারিখ : ০৫/১১/২০২৬খ্রি.

বিজ্ঞপ্তি

সরকারি তিতুমীর কলেজ, ঢাকা-এর সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জানুয়ারি ২০২৭ খ্রি. (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪তম সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সরকারি তিতুমীর কলেজ, ঢাকা এর যে সকল শিক্ষার্থীরা সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করেছে অথবা করবে, তাদের নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র (০৩ সেট) নিজ নিজ বিভাগে আগামী ০২/১২/২০২৬ খ্রি. বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দেয়ার জন্য বলা হলো। এ বিষয়ে বিভাগীয় প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র: (স্নাতক সম্মান/পাস ও স্নাতকোত্তর এর জন্য)

১. মূল/সাময়িক সনদ (যদি গ্রহণ করে থাকে)।
২. সমাবর্তনের আবেদন ফরম।
৩. সমাবর্তনের পোশাক ও উপহার গ্রহণের ফরম।
৪. ফি জমা দেয়ার রশিদ।
৫. পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি (রেজিস্ট্রেশনের ছবির অনুরূপ হতে হবে)।

বি. দ্রঃ

১: যে সকল শিক্ষার্থী সাময়িক সনদপত্র উত্তোলন করেনি তাদেরকে কলেজ অফিস থেকে সনদ উত্তোলন করে সমাবর্তনের আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

২: যে সকল শিক্ষার্থী আগেই মূল সনদপত্র উত্তোলন করেছে, তারা আবেদন ফরমের ২কপি প্রিন্ট করে মূল সনদসহ ০৩/১২/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার) বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের ৩০৮ নম্বর কক্ষে জমা দিতে হবে।

অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা
প্রফেসর ড. ছদরুদ্দীন আহমদ (৭৬৪০)
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা

22.11.2026
আহ্বায়ক
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪তম সমাবর্তন
কমিটি-২০২৭
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা

বিতরণ :

১. উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
৩. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
৪. সংরক্ষণ নথি।